তারিখ 10 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# নাগেশ্বরীতে ভুয়া বিজ্ঞপ্তি দিয়ে শিক্ষক নিয়োগের চেষ্টা ভণ্ডুল

## তদন্ত কমিটি গঠন

**নাগেশ্বরী (কুড়িগ্রাম) সংবাদদাতা**

নাগেশ্বরীতে ভুয়া বিজ্ঞপ্তি দিয়ে অবৈধভাবে শিক্ষক নিয়োগের চেষ্টা এলাকাবাসীর প্রতিবাদে বন্ধ হয়েছে। জেলা শিক্ষা কর্মকর্তা এ ঘটনা তদন্তের নির্দেশ দিয়েছেন। জানা যায়, উপজেলার রায়গঞ্জ উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক গত ২৯ অক্টোবর সহকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক সামাজিক বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা, সহকারী শিক্ষক (বিএসএসসি গণিত) ও সহকারী গ্রন্থগারিক পদে ১ জন করে নিয়োগে দৈনিক মানবজমিন ও দৈনিক কুড়িগ্রাম খবর পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করেন।

পরে জানতে পারেন ২২ অক্টোবর সরকার প্রজ্ঞাপন জারি করে ম্যানেজিং কমিটির শিক্ষক নিয়োগে ক্ষমতা বাতিল করেছে। ফলে প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ এর ১ মাস আগে ২০ সেপ্টেম্বর অন্য দুটি পত্রিকায় ভুয়া নিয়োগ বিজ্ঞপ্তি দেখিয়ে পূর্বের আবেদনকারীদের নিকট পুনরায় আবেদন গ্রহণ করেন। অথচ ওই তারিখের পত্রিকা দুটিতে ঐ বিদ্যালয়ের কোনো নিয়োগ বিজ্ঞপ্তি খুঁজে পাওয়া যায়নি।

নিয়োগ বন্ধে এলাকাবাসীর পক্ষে শহিদুল ইসলাম সরকার ২১ ডিসেম্বর জেলা শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট দপ্তরে লিখিত আবেদন করেন। এর প্রেক্ষিতে ৪ জানুয়ারি জেলা শিক্ষা কর্মকর্তা বিষয়টি তদন্ত সাপেক্ষে প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ দিয়েছেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জহুরুল ইসলাম জানান জেলা শিক্ষা অফিস থেকে [illegible] চিঠি পেয়েছি। শিগগিরই তদন্ত করে প্রতিবেদন দাখিল করা হবে।